গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা
Website: www.chc.gov.bd

## বিশেষ ই-নিলাম (E-Auction) নং-১০/২০২৫ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে রক্ষিত অখালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্তকৃত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য E-Auction Website এ দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে ৩০/০৯/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত **www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd** ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Website (103.48.18.166/auction/301) এ নিবন্ধন/বিডার লগইন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। পণ্য যেখানে যে অবস্থায় রয়েছে, সে অবস্থায় নির্ধারিত সময়ের মধ্যে সরেজমিন পরিদর্শনপূর্বক নিলামে অংশগ্রহণ করার জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন অভিযোগ/আপত্তি গ্রহণযোগ্য হবে না। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে **"কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম"** এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে স্ক্যানকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের (৩০/০৯/২০২৫ তারিখ বিকাল ৪.০০ টা) এর মধ্যে সীলগালাযুক্ত খামে **কাস্টমস হাউস, ঢাকা/কাস্টমস হাউস, আইসিডি (কমলাপুর), ঢাকা/কাস্টমস হাউস, বেনাপোল এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখায় (অকশন শেড)** রক্ষিত **দরপত্র বাক্সে অবশ্যই জমা প্রদান করতে হবে**। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি জমা প্রদানে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দর বাতিল বলে গণ্য হবে। নিলাম ক্রেতাগণ কর্তৃক দরপত্র বাক্সে দাখিলকৃত খামসমূহ আগামী ০৫/১০/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ টায় **কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখায় (অকশন শেড)** খোলা হবে।

**উল্লেখ্য যে,** আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ ও বিদ্যমান অন্যান্য আইন/বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্ত পরিপালন, রিট মামলা যাচাই এবং খালাস পর্যায়ে (প্রযোজ্য ক্ষেত্রে রাসায়নিক পরীক্ষার মাধ্যমে) পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে পণ্যচালান খালাসযোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও মূসক পরিশোধ করতে হবে।

**পণ্য পরিদর্শনের তারিখ:** আগ্রহী নিলাম ক্রেতাগণ নিলামের লটভুক্ত পণ্য আগামী ৩১/০৮/২০২৫ খ্রি. থেকে ২১/০৯/২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত সরেজমিন পরিদর্শন করতে পারবেন। *সার্ভার জটিলতা এড়ানোর জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে সরেজমিন পণ্য দেখে নিলামের নির্ধারিত শেষ তারিখ ও সময়ের (৩০/০৯/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা) পূর্বেই বিশেষ ই-নিলামে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।*

**সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে):** ২৮/০৯/২০২৫ খ্রি.

**প্রাথমিক তথ্যের জন্য ১৬১৩৪ অথবা জনাব কাজল কুমার সাহা, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৭২৫-৬২১৭৩৬, জনাব মোঃ আলতাফ হোসেন, রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ), মোবাইল নং-০১৭২২-২১৫৪৫২ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (জনাব আমিনুর রহমান মানিক, মোবাইল: ০১৭১১-৪৪৮৭০৬, জনাব মোহাম্মদ মোরশেদ, মোবাইল: ০১৮২৪-৯৮৫২১৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

***বিঃ দ্রঃ-** কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে যে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন।*

27.08.25

মোঃ সাকিব হোসেন
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস